

ছাত্রদলকে সমর্থন জানিয়ে ভিপিসহ ২ পদ থেকে সরে দাঁড়ালেন দুই প্রার্থী

চবি সংবাদদাতা



ভিপি পদপ্রার্থী রেদোয়ান (বাঁয়ে) ও দণ্ডর সম্পাদক পদপ্রার্থী সাখাওয়াত (ডানে)। ছবি : কালের কঞ্চ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনে

ছাত্রদলকে সমর্থন জানিয়ে প্রার্থিতা থেকে সরে দাঁড়িয়েছেন

সর্বজনীন শিক্ষার্থী এক্য পরিষদ প্যানেলের ভিপি পদপ্রার্থী সাঈদ

মো. রেদোয়ান ও দণ্ডর সম্পাদক পদপ্রার্থী সাখাওয়াত হোসাইন

সালমান।

মঙ্গলবার (৭ অক্টোবর) চাকসু ভবনের নির্বাচন কার্যালয়ে

আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন তারা।

এ সময় ভিপি পদপ্রার্থী সাঈদ রেদোয়ান বলেন, ‘স্বাধীনতার

ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান আমাদের শিখিয়েছেন,

ব্যক্তির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড়। আজকের এই

মুহূর্তে দাঁড়িয়ে আমি গভীরভাবে উপলক্ষ্মি করছি, ব্যক্তির চেয়ে

দল কতখানি বড়।

,

তিনি আরো বলেন, ‘ছাত্র সংসদ নির্বাচন প্রতিটি শিক্ষার্থীর দীর্ঘদিনের স্বপ্ন। আর ৩৬ বছর পর অনুষ্ঠিত হতে যাওয়া এই নির্বাচনের অংশ হতে পারাটা আমার জন্যও ছিল গর্বের বিষয়।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সঙ্গে আমার আত্মিক বন্ধন রয়েছে। আমি এই সংগঠনকে হৃদয়ে ধারণ করি এবং সংগঠনের আদর্শ ও সিদ্ধান্তকে সর্বোচ্চ সম্মান করি।

তাই, আমার সংগঠন কর্তৃক মনোনীত ভিপি প্রার্থী সাজাদ হোসেন হৃদয় ভাইয়ের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে, আমি আমার প্রার্থিতা প্রত্যাহারের ঘোষণা দিচ্ছি।’

আরেক প্রার্থী সাখাওয়াত বলেন, ‘বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সঙ্গে আমার আত্মিক বন্ধন রয়েছে। আমি এই সংগঠনকে হৃদয়ে ধারণ করি এবং সংগঠনের আদর্শ ও সিদ্ধান্তকে সর্বোচ্চ সম্মান করি। তাই আমার সংগঠন কর্তৃক মনোনীত দণ্ডর সম্পাদক প্রার্থী তোহিদুল ইসলাম ভাইয়ের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে, আমি আমার প্রার্থিতা প্রত্যাহারের ঘোষণা দিচ্ছি।

,

প্রসঙ্গত, আগামী ১৫ অক্টোবর সপ্তমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে চাকসু নির্বাচন। ভোটগ্রহণ চলবে সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। এ নির্বাচনে প্রার্থী রয়েছেন ৯০৮ জন। এর মধ্যে চাকসুর ২৬টি পদের বিপরীতে ৪১৫ জন, হল সংসদে ৪৭৩ জন

এবং হোষ্টেল সংসদে ২০ জন প্রতিদ্বন্দ্বিতা করবেন। নির্বাচনে

ভোটার রয়েছেন ২৭ হাজার ৫২১ জন।

এর মধ্যে ছাত্র ১৬ হাজার ৮৪ জন ও ছাত্রী ১১ হাজার ৩২৯ জন।

নির্বাচনে ভিপি পদপ্রার্থী রেদোয়ানের ব্যালট নাম্বার ছিল ২২ ও

দপ্তর সম্পাদক পদপ্রার্থী সাখাওয়াতের ব্যালট নাম্বার ছিল ১৩।